

ডিগ্রী পরীক্ষা

(১ম পৃ: পর)

৬৪২ জন দ্বিতীয় এবং ১০ হাজার ৬৮৭ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। এই পরীক্ষায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকার করিয়াছেন ৪ জন। তাহারা হইলেন প্রথম: মো: নূর উদ্দিন (প্রাইভেট) রোল চাকা পি ১৫১৩৪৩, দ্বিতীয়: (যুগ্মভাবে) মাহবুব হাসান, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, রোল কুমিল্লা ১৩১১৬৪, মা: সাখাওয়াৎ হোসেন, নওয়াব ফয়জুল্লাহ কলেজ, রোল লাকসাম-১৩২৪৮৬। তৃতীয় আশির হোসেন, নওয়াব ফয়জুল্লাহ কলেজ, রোল লাকসাম-১৩২৫৪৩।

বিএসসি পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১১ হাজার ৫৯৮ জন। তন্মধ্যে ৮৮জন প্রথম, ৩ হাজার ৪৩১জন দ্বিতীয়, ১ হাজার ৫৪৩জন তৃতীয় বিভাগ পাইয়াছেন। এই পরীক্ষায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকার করিয়াছেন যথাক্রমে রিপন কুমার সাহা, কাজী আজিম উদ্দিন কলেজ রোল গাজীপুর ২০৬৩৩৬, খন্দকার মো: রাফিকুল হক, ড: মালিকা কলেজ, রোল চাকা ২০৮৮৬৩, এবং রিমি আফরোজ, সরকারী তোলারাম কলেজ, রোল নারায়ণগঞ্জ ২০৭০২৮।

বিকম পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২৫ হাজার ৬৪ জন। পাস করিয়াছে ১০ হাজার ৬৫৫ জন। তন্মধ্যে ১২ জন প্রথম ৪ হাজার ৪৮৯ জন দ্বিতীয় এবং ৬ হাজার ১৫৪ জন তৃতীয় বিভাগ পাইয়াছেন। এই পরীক্ষায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকার করিয়াছেন যথাক্রমে রেহানা আক্তার, সরকারী কনার্গ কলেজ, রোল চট্টগ্রাম ১৮০৩৬১, মো: গিয়াস উদ্দিন চাকা সিটি কলেজ রোল চাকা ১৮৯৫১০ এবং মো: তাজুল ইসলাম, চাকা সিটি কলেজ রোল চাকা ১৮৯৬৪০।

বি মিউজিক পরীক্ষায় ৩৬ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪ জন এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ৩ হাজার ৪৬৬ পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৩৬৫ জন পাস করিয়াছে। রাজধানীর চাকা সিটি কলেজ, তেজগাঁও কলেজ ও ড: মালিকা কলেজ, বদরুল্লাহ কলেজ, ইউনিভার্সিটি উই-মেন্স কলেজসহ কয়েকটি কলেজের ফলাফল খুব ভাল। বিকম পরীক্ষায় সিটি কলেজ হইতে ৪ জন ছাত্র মেধা তালিকায় স্থান পাইয়াছেন। তাহারা হইলেন মো: গিয়াস উদ্দিন লিপু (দ্বিতীয়), মো: তাজুল ইসলাম (তৃতীয়), শরীফ মোস্তাফিজ (৭ম), সাজ্জাদ হোসেন (১০ম)।

তেজগাঁও কলেজ হইতে বিএ, বিএস,এস ও বিএসসি পরীক্ষায় মোট ৮ জন ছাত্র-ছাত্রী মেধা তালিকায় স্থান পাইয়াছেন। তেজগাঁও কলেজ হইতে বি এ পরীক্ষায় মেধা স্থান অধিকারী ৫ জন ছাত্র-ছাত্রী যথাক্রমে তাহমিনা আক্তার (মেয়েদের মধ্যে প্রথম মেধা তালিকায় ৪র্থ), অন্তা রেজিনা রোজ্জারিও (যুগ্মভাবে ৫ম), মো: ওসমান গনি (৬ষ্ঠ), ছাইদুর রহমান (৭ম) মোতাহার হোসেন ও কাজী রাশেদুল হক (যুগ্মভাবে ১৩ তম)। এই কলেজ হইতে সাজ্জাদ বেগম বিএসএস পরীক্ষায় ৪র্থ এবং রোক-সালা বেগম বিএসসি পরীক্ষায় ৮ম স্থান অধিকার করিয়াছেন।

ডিগ্রী পরীক্ষায় পাসের হার ৪২.৭৯

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (মঙ্গলবার) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৬ সালের ডিগ্রী (পাস) পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। দেশের ৬৮৭টি কলেজ হইতে মোট ২ লক্ষ ১৩ হাজার ৫১০ জন ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় অংশগ্রহণ করে। পাসের হার বিএ ৪২ দশমিক ৭৯, বিএস,এস শতকরা ৪২, বিএসসি ৪৪ দশমিক ৫০, বিকম ৪৬ দশমিক ২৮, বি মিউজিক ৩৮ দশমিক ৮৯ এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষা ৫৯ দশমিক ৭৬।

বিএ পাস পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লক্ষ ২৮ হাজার ৪৯৭। পাস করিয়াছে ৫১ হাজার

৮১ জন। তন্মধ্যে ১৬৩ জন প্রথম, ২৩ হাজার ৭৭২ জন দ্বিতীয় এবং ২৭ হাজার ১৪৬ জন তৃতীয় বিভাগ পাইয়াছে। বিএ পরীক্ষায় সারাদেশে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকার করিয়াছেন যথাক্রমে সিরাজুল ইসলাম, রোল সিলেট পি ৪৪৩, নূরুল আলম, বগুড়া পি ৯৭৪২২, মো: আবুল হাসান পি ৮১১৯৫। মেধা স্থান অধিকারী উপরোক্ত তিনজন ছাত্রই প্রাইভেট পরীক্ষার্থী ছিলেন। বিএসএস পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪৪ হাজার ৮৪৯ জন। তন্মধ্যে ৭ জন প্রথম, ৬ হাজার (২য় পৃ: দ্রঃ)